গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
"উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়) প্রকল্প"
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Email: 329ts.pd@gmail.com

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৭০.০৪৫.১১.০১.২১-৬৬৭

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৮বঙ্গাব্দ
৩০ মে ২০২১খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়) প্রকল্প"শীর্ষক প্রকল্পে উল্লিখিত পদে প্রকল্পের মেয়াদকালীন সময় (ডিসেম্বর-২০২৪) জন্য জনবল নিয়োগ করা হবে। এ উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম ও বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | **হিসাবরক্ষক**<br>(গ্রেড-১৪)<br>বেতনক্রম = ১০,২০০/- —২৪,৬৮০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেনি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং<br>(খ) কম্পিউটারে MS Office –এ কাজ করার দক্ষতা। |
| ০২. | **অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর**<br>(গ্রেড-১৬)<br>বেতনক্রম = ৯,৩০০/- — ২২,৪৯০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার অপারেশন এর উপর ট্রেনিং প্রাপ্ত। |

**শর্তাবলীঃ**

০১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাকুরির নির্ধারিত ০১(এক) পাতার আবেদন ফরম নিজ হাতে পূরণ করে অথবা কম্পিউটারে কম্পোজের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত নমুনা ফরমটি কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.techedu.gov.bd -এ প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত অথবা বাংলাদেশ ফরমের ওয়েবসাইট www.forms.gov.bd-এ চাকুরির আবেদন ফরমটি ডাউনলোড করা যাবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, দক্ষতা/অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র এবং সম্প্রতি তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি।

(ঘ) প্রকল্প পরিচালক, "উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়) প্রকল্প"শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবরে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা কোড নম্বর **'১-৩৭০৩-০০০০-২০৩১'**-এ বাংলাদেশ ব্যাংক/বাংলাদেশ ব্যাংক অনুমোদিত সোনালী ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে। চালানের মুলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঙ) খামের উপরে পদ ও পত্র প্রাপ্তির ঠিকানা লেখা ১০ (দশ) টাকা মূল্যমানের ডাকটিকেটসহ অব্যবহৃত ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

০৩। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। আবেদনপত্র আগামী **১৫-০৬-২০২১ খ্রি:** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, "উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়) প্রকল্প"শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর (**৫ম তলা, কক্ষ নং-৫১২**), এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর ঢাকা-১২০৭ বরাবরে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। **৩০/০৫/**২০২১ খ্রিঃ তারিখে সকল পদে আবেদকারীর বয়স ১৮ হতে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা নাতি-নাতনীদের বয়স ৩০ বৎসর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। সরকারী বিধি মোতাবেক লিখিত, ব্যবঃ ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। একই দিনে লিখিত, ব্যবঃ ও মৌখিক পরীক্ষা মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

০৭। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

০৮। অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে Computer Standard Aptitude Test (ব্যবহারিক) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৯। বৈধ প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য তারিখ ও স্থান সংবলিত প্রবেশপত্র প্রার্থীর ফেরৎ খামে বর্ণিত ঠিকানায় প্রেরণ করা হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১। বেতন নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশাবলী অনুসরণ করা হবে।

১২। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। বর্নিত শর্তাবলীর যে কোন অংশ সংশোধনসহ আবেদনপত্র গ্রহন/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪। উপরে উল্লিখিত হয়নি এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধানাবলী প্রযোজ্য হবে।

৩০/০৫/২১
(পিযুষ কান্তি নাথ)
প্রকল্প পরিচালক (অতি:সচিব)
"উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও
কলেজ স্থাপন (২য় পর্যায়) প্রকল্প"
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা চার কপি)

বরাবর

প্রকল্প পরিচালক
"উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়ে)" শীর্ষক প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম : | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: দি ন মা স ব ৎ স র | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর / মাস / দিন | |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |

| | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | জিপিএ/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | দক্ষতা/অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্যে প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর